স্পেনে এশিয়ান চলচ্চিত্র উৎসবে প্রদর্শিত হচ্ছে 'হাসিনা: এ ডটার্স টেল'

কবির আল মাহমুদ, স্পেন থেকে ::
স্পেনে এশিয়ান ভিত্তিক সংগঠন 'কাসা এশিয়া' এর আয়োজনে 'এশিয়ান ফিল্ম ফেস্টিভ্যাল ২০১৯' এ 'হাসিনা: এ ডটার্স টেল' তথ্য চিত্রটি প্রদর্শিত হচ্ছে। 'কাসা এশিয়া' এর ৭ম ফিল্ম ফেস্টিভ্যাল হলেও এবারই প্রথম ৬টি দেশের তথ্য চিত্র প্রদর্শনের ব্যবস্থা রাখা হয়েছে; যেখানে বাংলাদেশের 'হাসিনা: এ ডটার্স টেল' প্রদর্শিত হচ্ছে।
গত ১৪ অক্টোবর মাদ্রিদের 'বি দ্যা ট্রাভেল ব্র্যান্ড এক্সপেরিয়েন্স' এর হলরুমে সন্ধ্যা ৭টায় 'হাসিনা: এ ডটার্স টেল' প্রদর্শিত হয়। স্থানীয় দর্শকদের সুবিধায় তথ্যচিত্রের সংলাপে সাবটাইটেল হিসেবে ইংরেজি ও স্প্যানিশ ভাষা রাখা হয়। তথ্যচিত্রটি দেখতে হলরুমে উপস্থিত হন স্পেনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত হাসান মাহমুদ খন্দকার, বাংলাদেশ দূতাবাসের দ্বিতীয় সচিব তাহসিনা আফরিন শারমিন, কমার্শিয়াল কাউন্সেলর রেদোয়ান আহমেদ, প্রথম সচিব (শ্রম) মোহাম্মদ শরিফুল ইসলাম।
তথ্য চিত্রটি দেখার পর স্থানীয় বাংলা গণমাধ্যমকর্মীদের কাছে প্রতিক্রিয়ায় রাষ্ট্রদূত হাসান মাহমুদ খন্দকার বলেন, পরিবার-পরিজন সব হারানোর পর শেখ হাসিনা যেভাবে শোককে শক্তিতে রূপান্তরিত করে ঘুরে দাঁড়িয়েছেন, তা এ ছবিতে সুন্দরভাবে চিত্রায়িত হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গঠনের লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যেভাবে কাজ করে যাচ্ছেন, এ ছবি আমাদের আশান্বিত করার জন্য অনেক শক্তি যোগায়।
৭৫ মিনিট দৈর্ঘ্যের 'হাসিনা: এ ডটার্স টেল' তথ্যচিত্রটি দেখতে উল্লেখযোগ্য সংখ্যক স্প্যানিশ উপস্থিত ছিলেন। এভা ফরুতোস নামের একজন স্প্যানিশ মহিলা দর্শক বলেন, ছবিটি অনেক ভালো লেগেছে। বাংলাদেশের অনেক ইতিহাস জানা হলো এবং বড় কথা - একজন মহিলা হিসেবে এগিয়ে যেতে ছবিটি আমাকে অনুপ্রেরণা যুগাবে।
মাদ্রিদের 'বি দ্যা ট্রাভেল ব্র্যান্ড এক্সপেরিয়েন্স' এর হলরুমে 'হাসিনা: এ ডটার্স টেল' তথ্যচিত্রটি দেখতে স্থানীয় প্রবাসী বাংলাদেশিদের মধ্যে উপস্থিত ছিলেন আওয়ামী লীগ স্পেন শাখার আহ্বায়ক এস আর আই এস রবিন, যুগ্ম আহ্বায়ক বদরুল আলম মাস্টার, সদস্য সচিব রিজভী আলম, স্পেন বাংলা প্রেসক্লাবের সভাপতি সাহাদুল সুহেদ, অল ইউরোপ বাংলাদেশ প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক কবির আল মাহমুদ, স্পেন আওয়ামী লীগের আহ্বায়ক কমিটির সদস্য একরামুজ্জামান কীরন, এফএম পাভেল, আজম কাল, আওয়ামী লীগ নেতা এডভোকেট তারেক, হানিফ মিয়াজী প্রমুখ।
স্পেন আওয়ামী লীগের আহ্বায়ক এস আর আই এস রবিন বলেন, 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালির অর্থনৈতিক মুক্তির স্বপ্ন দেখেছিলেন। বঙ্গবন্ধু বেঁচে থাকলে এতদিনে বাংলাদেশ বিশ্বের উন্নত দেশে পরিণত হতে পারতো। বঙ্গবন্ধুর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এখন সে লক্ষ্য পূরণে এগিয়ে চলেছে।'
স্পেন আওয়ামী লীগের সদস্য সচিব রিজভী আলম বলেন, (এরপর ২৩ পৃষ্ঠায়)

ফ্রান্সে বরিশাল বিভাগীয় কল্যাণ পরিষদের অভিষেক

নিজস্ব প্রতিবেদক ::
বরিশাল বিভাগীয় কল্যাণ পরিষদ, ফ্রান্সের অভিষেক ও সাংস্কৃতিক অনুষ্ঠান গত রবিবার (২৯ সেপ্টেম্বর) প্যারিসের পন্তা হলে সম্পন্ন হয়েছে। সংগঠনের নবনির্বাচিত কার্যকরী কমিটির নেতৃবৃন্দকে শপথ পাঠ করান প্রধান নির্বাচন কমিশনার মাহবুবুর রহমান। আলোচনা শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যায় প্যারিসের জনপ্রিয় শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন।
পরিষদের নবনির্বাচিত সভাপতি মোহাম্মদ নজরুল ইসলামের সভাপতিত্বে ও উপদেষ্টা মোহাম্মদ মাহবুব হোসাইনের পরিচালনায় অনুষ্ঠানে মুক্ত আলোচনায় অংশ নেন স্থানীয় আওয়ামীলীগের প্রবীণ নেতা সোনাম উদ্দিন খালেক, (এরপর ২৩ পৃষ্ঠায়)

জার্মানিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন পালন

স্বদেশ বিদেশ ডেস্ক ::
আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৩ তম জন্মদিন উপলক্ষে জার্মানির ফ্রাঙ্কফুর্ট শহরে এক মিলাদ মাহফিল ও বিশেষ দোয়ার আয়োজন করা হয়। দোয়া মাহফিলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।
দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন, জার্মান আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মাবু জাফর স্বপন, হাফিজুর রহমান, (এরপর ২৩ পৃষ্ঠায়)

ভ্যাটিকানে পোপের প্রযুক্তি সম্মেলনে আজিজ আহমদ

ডিজিটাল যুগে যা কিছু সবার জন্য ভালো, তা নিয়ে কথা বলতে গোটা বিশ্ব থেকে প্রযুক্তিবিদরা মিলিত হয়েছেন ভ্যাটিকান সিটিতে। পোপ ফ্রান্সিসের পৃষ্ঠপোষকতায় 'দ্য কমন গুড ইন দ্য ডিজিটাল এজ' শিরোনামের এই আয়োজনে বক্তা হিসেবে অংশ নিয়েছেন ইউটিসি অ্যাসোসিয়েটসের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) ও কডাস্ট্রাসস্টের কো-ফাউন্ডার বাংলাদেশি আমেরিকান প্রযুক্তিবিদ আজিজ আহমদ।
ভ্যাটিকান সিটির এই প্রযুক্তি সম্মেলন অনুষ্ঠিত হয়েছে ২৬, ২৭ ও ২৮ সেপ্টেম্বর। তিন দিনের এই সম্মেলনটি মূলত ডিজিটাল প্রযুক্তির সাম্প্রতিক উন্নয়ন, বিশেষত কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে একটি সামাজিক, নৈতিক ও রাজনৈতিক সংলাপ ছিল। এই আয়োজনে ডিজিটাল যুগের অভিন্ন ইতিবাচকতা নিয়ে কথা বলেছেন আজিজ আহমদ।
তিনি বলেন, 'এরকম একটি সম্মানজনক আয়োজনে পৃথিবীর হাতেগোনা কয়েকজন প্রযুক্তি ব্যক্তিত্বের সঙ্গে উপস্থিত হতে পারায় আমি আনন্দিত। এখানে ব্যবসায়ী নেতারা যেমন সমস্যার কথা বলেছেন, আমরা তেমন সেসব সমস্যা সমাধানের পথ খুঁজে বের করার কথা বলেছি, যা বিশ্ব নাগরিকদের কল্যাণে ভূমিকা রাখবে।'
ভবিষ্যতে কাজের ধরন কেমন হবে, সে বিষয়ে ভ্যাটিকান প্রযুক্তি সম্মেলনে আজিজ আহমেদ একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেছেন। এছাড়া ইউরোপের সেবাকর্মীদের ইউনিয়ন ইউনি-ইউরোপার অলিভার রোথিগ ও হংকং-ভিত্তিক প্রযুক্তি প্রতিষ্ঠান ডিজিনেক্সের ম্যালকম রাইটের সঙ্গে একটি প্যানেল আলোচনাতেও অংশ নিয়েছেন তিনি। আলোচনা অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেনেভায় (এরপর ২৩ পৃষ্ঠায়)

রিয়াদে খাদ্য পণ্যের মেলায় বাংলাদেশের অংশগ্রহণ

সৌদি আরবের রিয়াদে তিন দিনব্যাপী ওষুধ, চিকিৎসা সরঞ্জামাদি ও খাদ্য পণ্যের মেলা শুরু হয়েছে। সোমবার সকালে রিয়াদের আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে মেলার উদ্বোধন করেন সৌদি খাদ্য ও ওষুধ কর্তৃপক্ষের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. হিসাম আল-জাদে। মেলায় বাংলাদেশসহ ২০টি দেশের ২০০টির বেশি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।
মেলা পরিদর্শনকালে রাষ্ট্রদূত গোলাম মসীহ বলেন, সৌদি আরবে বাংলাদেশের ওষুধ ও খাদ্য পণ্যের চাহিদা রয়েছে। সৌদি আরবের সঙ্গে বাংলাদেশের অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তিনি আশা প্রকাশ করেন মেলায় অংশগ্রহণের মাধ্যমে সৌদি আরবের বাজারে বাংলাদেশের ওষুধ ও খাদ্য পণ্যের পরিচিতি বৃদ্ধি পাবে। আগামী দিনে দেশের ওষুধ ও খাদ্যপণ্য রফতানি বৃদ্ধির মাধ্যমে বঙ্গবন্ধুর সোনার বাংলা বাস্তবায়ন সম্ভব হবে বলে রাষ্ট্রদূত আশা প্রকাশ করেন।
গোলাম মসীহ বলেন, সৌদি আরবে বাংলাদেশের তৈরি পোশাকের ও বিপুল চাহিদা রয়েছে, যা দিন দিন আরও বৃদ্ধি পাচ্ছে। তিনি সৌদি আরবে রফতানি বৃদ্ধির লক্ষ্যে দূতাবাসের পক্ষ থেকে ব্যবসায়ীদের সব ধরণের সহযোগিতা করা হচ্ছে বলে জানান।
মেলায় প্রদর্শনীর পাশাপাশি বিভিন্ন বিষয়ে সেমিনারের ও আয়োজন করা হয়েছে। মেলা চলবে আগামী ২ অক্টোবর পর্যন্ত। রফতানি উন্নয়ন ব্যুরোর সহযোগিতায় ও (এরপর ২৩ পৃষ্ঠায়)

JEC
জনতা এক্সচেঞ্জ কোম্পানী
জনতা এক্সচেঞ্জের মাধ্যমে টাকা পাঠানোর সুবিধাসমূহ
এসআরএল
আপনার কষ্টার্জিত মূল্যবান বৈদেশিক মুদ্রা জনতা এক্সচেঞ্জ কোম্পানীর মাধ্যমে বৈধ চ্যানেলে দেশে প্রেরণ করুন এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে সহযোগী হোন।
- সম্মানিত গ্রাহকগণের সুবিধার্থে এখন থেকে সপ্তাহের সব দিনই খোলা।
- সকাল ৯টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত টাকা পাঠানোর ব্যবস্থা।
- দিনে দিনে টাকা পাওয়া।
- ব্যাংক একাউন্ট ছাড়াই পিন কোডের মাধ্যমে জনতা ব্যাংকের যে কোনো শাখা থেকে টাকা উত্তোলন
- সর্বনিম্ন খরচে অর্থ প্রেরণ।
- একমাত্র জনতা এক্সচেঞ্জই দিচ্ছে স্বল্পতম সময়ে এফসি একাউন্টে টাকা জমা করার নিশ্চয়তা।
- জনতা এক্সচেঞ্জ কোম্পানী বাংলাদেশের সরকারী প্রতিষ্ঠান এবং প্রেরিত অর্থ রাষ্ট্রীয় গ্যারান্টিযুক্ত।
রেমিটেন্স প্রেরণ ও এতদসংক্রান্ত যে কোন তথ্যের জন্য সরাসরি যোগাযোগের ঠিকানা
জনতা এক্সচেঞ্জ কোম্পানী
উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার এবং গ্রাহক সেবায় সবার চেয়ে এগিয়ে
Rome Branch
Via Ricasoli 15
Rome 00185
Tel : 06 44341389
janataexchange@libero it
Milan Branch
Via Gaffurio 5
Milan 20124
Tel/Fax : 02/29533608
janataexchange@libero.it